

প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

- ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;
- খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;
- ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;
- ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বৰ্ক রাখতে হবে;
- চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ছ) নিয়ত প্রয়োজনীয় দ্রব্যসামগ্ৰী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্ৰয়-বিক্ৰয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- ঝঃ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বৰ্ক থাকবে;
- ঁ) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড়া বৰ্ক করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;
- ঁঁ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না কৱলে কিংবা স্বাস্থ্যবিধি লজ্জিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঁঁঁ) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ঁঁঁঁ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসেরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গৰ্ববতী/ অসুস্থ/ বয়স ৫৫-৭৫ বর্ষ কৰ্মকর্তা/ কৰ্মচাৰীৰ বাড়িতে অবস্থান কৱে কৰ্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঁঁঁঁঁ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কৰ্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- ঁঁঁঁঁ) সশরীৱে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপৰীক্ষার ক্ষেত্ৰে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- ঁঁঁঁঁ) হোটেল-বেঁস্টোৱাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্ৰবেশ বাৰিত করতে হবে;
- ঁঁঁঁঁ) কৰ্মক্ষেত্ৰে প্ৰবেশ এবং অবস্থানকালীন সৰ্বদা বাধ্যতামূলকভাৱে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

- ০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আগামতিঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।
- ০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাক্ষরিত/-২৯-০৩-২০২১

(ড. আহমদ কায়কাউস)

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব, (সকল)- [নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৩. বিভাগীয় কমিশনার, (সকল)
৪. জেলা প্রশাসক, (সকল)
৫.

অনুলিপি:

১. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা, ঢাকা
৪. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৭. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৮. ডিআইজি, (সকল)
৯. পুলিশ সুপার (সকল)